

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৫৭

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - 'আক্বীকার বর্ণনা

আরবী

وَعَن أَبِي رافعٍ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَذَّنَ فِي أُذُنِ الحسنِ ابنِ عليِّ حِينَ وَلَدَّتُهُ فَاطِمَةُ بِالصَّلَاةِ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ. وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَيْثُ حسن صَحِيح

বাংলা

8১৫৭-[৯] আবূ রাফি' (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ হাসান ইবনু 'আলী (রাঃ)-কে যখন ফাতিমা (রাঃ) প্রসব করলেন, তখন আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তার কানে সালাতের আযানের ন্যায় আযান দিতে দেখেছি। (তিরমিয়ী ও আবূ দাউদ)[1]

আর ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ এ হাদীসটি হাসান সহীহ।

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ১৫১৪, আবূ দাউদ ৫১০৫, ইরওয়া ১১৭৩, মুসনাদে আহমাদ ২৩৮৬৯, শু'আবুল ঈমান ৮৬১৭।

আলবানী (রহিমাহুল্লাহ) প্রথমে হাদীসটিকে হাসান বলেন; আবূ দাউদ ৫১০৫। কিন্তু পরবর্তীতে তিনি এটিকে য'ঈফ বলেছেন; সিলসিলাতুয্ য'ঈফাহ্ ৬১২১। তিনি বলেন, ...অতএব আমি সদ্য ভূমিষ্ট সন্তানের কানে আযান দেয়ার বিধান সম্পর্কে আমার পূর্ববর্তী বক্তব্য থেকে ফিরে আসলাম। (আলবানী, সিলসিলাতুল হুদাওয়ান্ নূর, অডিও ক্লিপ নং ৬২৩)। এ ব্যাপারে অপর মুহাক্কিক শু'আয়ব আরনাউত্বব-ও ঐকমত্য পোষণ করেছেন। তাহক্কীক মুসনাদে আহমাদ ২৭২৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আলোচ্য হাদীসে এ মর্মে দলীল রয়েছে যে, জন্মের পর নবজাতক শিশুর কানে আযান দেয়া সুন্নাত।



তবে 'উমার ইবনু 'আবদুল 'আযীয (রহিমাহুল্লাহ) কর্তৃক বর্ণিত হাদীসে রয়েছে, নবজাতকের ডান কানে আযান ও বাম কানে ইকামাত দিতে হবে। (তুহফাতুল আহ্ওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১৫১৪)

কিন্তু 'আল্লামা নাসিরুদ্দীন আলবানী (রহিমাহুল্লাহ) ডান কানে আযান ও বাম কানে ইকামাত সংক্রান্ত বর্ণনাটিকে মাওযু' বা জাল বলেছেন। (আয্ য'ঈফাহ্ ৩২১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ রাফি' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন